বিদ্যুৎ ও জ্বালানি নিরাপত্তা
সর্বোচ্চ অগ্রাধিকার

জালালাবাদ গ্যাস

জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট-৩১০০
পরিকল্পনা ডিভিশন

স্মারক নম্বর: ২৮.১৬.৯১০০.০৯২.৪৪.০০৬.২২.৫৯

তারিখ: ২ কার্তিক ১৪২৯
১৮ অক্টোবর ২০২২

বিষয়: **২০২২-২৩ ও ২০২৩-২৪ অর্থ বছরের জন্য ১.১ ও ১.২ শ্রেণির ঠিকাদার প্রতিষ্ঠানসমূহের তালিকাভুক্তি নবায়ন বিজ্ঞপ্তি।**

এতদ্বারা জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ (জেজিটিডিএসএল) এর ১.১ ও ১.২ শ্রেণির তালিকাভুক্ত ঠিকাদার প্রতিষ্ঠানের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২২-২৩ ও ২০২৩-২৪ অর্থ বছরের জন্য তালকিাভূক্তি নবায়ন ও পরিচয়পত্র গ্রহণ করতে হবে। আগ্রহী ঠিকাদারগণ কোম্পানির ওয়েব সাইটে "সেবাসমূহ" মেনুবারে ই-সেবাসমূহ মধ্যে "ঠিকাদার তালকিাভূক্তি/ নবায়ন" এ "কন্ট্রাক্টর ম্যানেজমেন্ট সিস্টেম" সফটওয়্যার এর মাধ্যমে আগামী ২৫/১০/২০২২ ইং তারিখ হতে ২৪/১১/২০২২ ইং তারিখ পর্যন্ত আবেদন করতে পারবেন। এক্ষেত্রে প্রথমে রেজিস্ট্রেশন সম্পন্ন করে ইউজার আইডি ও পাসওয়ার্ড সংরক্ষণ করতে হবে। প্রাপ্ত ইউজার আইডি ও পাসওয়ার্ড এর মাধ্যমে লগইন করে অনলাইনে নবায়নের আবেদন করা যাবে। অনলাইন আবেদন পত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র আপলোড করতে হবে।

১।	২০২২-২৩ অর্থ বছরের ট্রেড লাইসেন্স;
২।	২০২২-২৩ অর্থ বছরের আয়কর প্রত্যয়নপত্র;
৩।	১৩ ডিজিটের ভ্যাট রেজিস্ট্রেশন সনদপত্র;
৪।	বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে সর্বাধিক ২(দুই) মাস পুর্বে স্বত্বাধিকারী/ ঠিকাদারী প্রতিষ্ঠানের নামে ইস্যুকৃত ন্যুনতম ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকার সঞ্চয়ী/ চলতি হিসাবের ব্যাংক স্বচ্ছলতা সনদ;
৫।	লোকবলের তালিকা (তালিকাভুক্তি তফসিল-সংশোধিত, আগষ্ট-২০১৬ এর তালিকাভুক্তি/ নবায়নের সাধারণ শর্তাবলীর ১৫.১ ধারা ও আবেদন পত্রের নির্দেশিকা অনুযায়ী- ১.১ শ্রেণির জন্য সর্বোচ্চ ০২ জন সুপারভাইজার ও ন্যূনতম একজন ডমেষ্টিক ফিটার এবং ১.২ শ্রেণির জন্য ন্যূনতম একজন ওয়েল্ডার ও ন্যূনতম একজন ডিস্ট্রিবিউশন ফিটার প্রয়োজন এবং কারিগরী জনবলের নিয়োগপত্র, শিক্ষাগত যোগ্যতার সনদ, হালনাগাদ ফিটার/ ওয়েল্ডার সনদ, নাগরিকত্ব সনদ এবং সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি নির্ধারিত মেনুবারে আপলোডকরতে হবে;
৬।	তালিকাভুক্তির তফসিল-সংশোধিত, আগষ্ট-২০১৬ এর তালিকাভুক্তি নবায়নের সাধারণ শর্তাবলীর ১৫.২ ধারা অনুযায়ী - ১.১ শ্রেণির জন্য প্রয়োজনীয় কার্যক্ষম যন্ত্রপাতি, মেশিনারী ও সাজ সরঞ্জামের তালিকাঃ • পাইপরেঞ্জ, ডাইস, হ্যাকস, ওয়ার ব্রাশ, পাইপকাটার, হেলমেট, গ্লোভ ইত্যাদি ন্যূনতম ০১ (এক) লট/সেট । • ওয়াটার পাম্প ন্যূনতম ১(এক) লট/সেট। • ফাইলস, হ্যামার, চিজেল, ওয়ার ব্রাশ, ওভার নাইট স্টপার, ষ্টপওয়াচ, উইল্ড শিল্ড ইত্যাদি ন্যূনতম ১(এক) লট/সেট। এবং ১.২ শ্রেণির জন্য প্রয়োজনীয় কার্যক্ষম যন্ত্রপাতি, মেশিনারী ও সাজ সরঞ্জামের তালিকাঃ • ১.১ শ্রেণিতে উল্লেখিত সকল যন্ত্রপাতি। • চলমান ডিজেল ওয়েল্ডিং জেনারেটর ন্যূনতম ১(এক) লট/সেট। • বিভেলিং মেশিন ন্যূনতম ১(এক) লট/সেট। • গ্রাইন্ডিং মেশিন ন্যূনতম ১(এক) লট/সেট। • লাইন আপ ক্লাম্প(পাইপের ব্যাস অনুযায়ী) ন্যূনতম ১(এক) লট/সেট। • এয়ার কমপ্রেসার (১০০ পি এস আই জি) ন্যূনতম ১(এক) লট/সেট । মেশিনারীর রেজিঃ নং, ইঞ্জিন নং ও চেসিস নং আবশ্যিকভাবে উল্লেখ করতে হবে এবং নির্ধারিত মেনুবারে আপলোড করতে হবে;
৭।	২০২০-২১ ও ২০২১-২২ অর্থবছরে জেজিটিডিএসএল কর্তৃক ইস্যুকৃত তালিকাভুক্তি নবায়ন সনদপত্র;
৮।	বিগত ১০(দশ) বছররে মধ্যে জেজিটিডিএসএল অধিভুক্ত বিতরণ এলাকার ব্যবস্থাপক/ সংশ্লিষ্ট আবিকা প্রধান কর্তৃক ইস্যুকৃত সুষ্ঠভাবে কাজ সম্পাদন সংক্রান্ত প্রত্যয়নপত্র।

এছাড়াও "কন্ট্রাক্টর ম্যানেজমেন্ট সিস্টেম" সফটওয়্যারে যে সকল আবশ্যিক মেনুবার রয়েছে তা যথাযথভাবে পুরণ/সম্পন্ন করতে হবে। এ সম্পর্কে বিস্তারিত বিবরণ ইউজার ম্যানুয়ালে উল্লেখ রয়েছে।

অনলাইনে আবেদন প্রক্রিয়া সফলভাবে সম্পন্ন এবং ১.১ ও ১.২ শ্রেণির ঠিকাদার প্রতিষ্ঠানের তালিকাভুক্তি নবায়নের জন্য নির্বাচিত ঠিকাদারি প্রতিষ্ঠানসমূহকে পরবর্তীতে সফটওয়্যার/ অনলাইনে কর্তৃপক্ষ কর্তৃক ডিমান্ড নোট ইস্যুর প্রেক্ষিতে ০২ (দুই) বছরের জন্য নবায়ন ফি বাবদ {১.১ শ্রেণির ঠিকাদার প্রতিষ্ঠানের ক্ষেত্রে ৪,০০০ (চার হাজার) টাকা ও ১.২ শ্রেণির ঠিকাদার প্রতিষ্ঠানের ক্ষেত্রে ৮,০০০ (আট হাজার) টাকা, প্রতিটি আইডি কার্ডের জন্য ২০০ (দুইশত) টাকা এবং সরকার কর্তৃক নির্ধারিত মূসক, অনাদায়ী মূসক} অর্থ ডিমান্ড নোটে উল্লেখিত ব্যাংকে জমা প্রদান করে রশিদ এর স্ক্যান কপি এবং তালিকাভুক্তি মেয়াদকালীন ৩য় পক্ষের দায়বীমা পলিসি সফটওয়্যারের নির্ধারিত মেনুবারে আপলোড করতে হবে।

উল্লেখ্য যে, পেট্রোবাংলার অধীনস্থ কোম্পানি বা জেজিটিডিএসএল কর্তৃক কালো তালিকাভুক্ত ঠিকাদারী প্রতিষ্ঠান কিংবা তার লোকবলকে অন্তর্ভুক্তি করা হলে তাদের নবায়নের আবেদন গ্রহণযোগ্য হবে না। জেজিটিডিএসএল কর্তৃপক্ষ উপর্যুক্ত ঠিকাদার তালিকাভুক্তি নবায়ন বিজ্ঞপ্তি/ কার্যক্রম এর আংশিক অথবা সম্পূর্ণ, কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন সময় পরিবর্তন/ বাতিল করার অধিকার/ ক্ষমতা সংরক্ষণ করে।

১৮-১০-২০২২

প্রকৌ. খান মোহাম্মদ জাকির হোসাইন

মহাব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: +8802996633194

বিতরণ :

১) ১.১ ও ১.২ শ্রেণির ঠিকাদার প্রতিষ্ঠানের তালিকাভুক্তি নবায়নের স্থায়ী কমিটির আহবায়ক /সদস্য/ সদস্য-সচিব----------------- জেজিটিডিএসএল, সিলেট।

২) ঠিকাদারী প্রতিষ্ঠানের স্বত্তাধিকারী/পরিচালক ---------------------
----

স্মারক নম্বর: ২৮.১৬.৯১০০.০৯২.৪৪.০০৬.২২.৫৯/১(৩০)

তারিখ: ২ কার্তিক ১৪২৯
১৮ অক্টোবর ২০২২

অনুলিপিঃ

১) ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব), জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড

২) মহাব্যবস্থাপক, বিপণন ডিভিশন (দক্ষিণ), জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড

৩) মহাব্যবস্থাপক, বিপণন ডিভিশন (উত্তর), জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড

৪) মহাব্যবস্থাপক (চলতি দায়িত্ব), অপারেশন ডিভিশন, জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড

৫) মহাব্যবস্থাপক, প্রশাসন ডিভিশন , জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড

৬) মহাব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব), অর্থ ডিভিশন, জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড

৭) উপ-মহাব্যবস্থাপক, আরডিডি, হবিগঞ্জ, জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড

৮) উপ-মহাব্যবস্থাপক (চলতি দায়িত্ব), আরডিডি, মৌলভীবাজার, জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড

৯) উপ-মহাব্যবস্থাপক, আরডিডি, সিলেট মেট্রো, জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড

১০) উপ-মহাব্যবস্থাপক, আরডিডি, সিলেট, জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড

১১) উপ-মহাব্যবস্থাপক, পাইপলাইন কন্সট্রাকশন ডিপার্টমেন্ট, জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড

১২) উপ-মহাব্যবস্থাপক, টেকনিক্যাল সার্ভিসেস ডিপার্টমেন্ট, জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড

১৩) ব্যবস্থাপক, ঢাকা লিয়াজোঁ অফিস, জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড

১৪) সকল আবিকা প্রধান

১৫) সকল নোটিশ বোর্ড

১৬) দপ্তর নথি

১৮-১০-২০২২

মোঃ রুহুল করিম চৌধুরী
উপ-মহাব্যবস্থাপক